# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 May, 2025

বাংলাদেশ পুলিশের ১২ জন কর্মকর্তাকে অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (আইজি) পদে পদোন্নতি দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।সোমবার (১৯ মে) জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে এ আদেশ জারি করা হয়।

পদোন্নতি পাওয়া কর্মকর্তাদের মধ্যে রয়েছেন ঢাকার বিশেষ শাখার মো. গোলাম রসুল, ঢাকা রেঞ্জের এ কে এম আওলাদ হোসেন, চট্টগ্রাম সিএমপির হাসিব আজিজ, সিলেট এসএমপির মো. রেজাউল করিম, সিআইডির গাজী জসীম উদ্দিন, অ্যান্টি টেরোরিজম ইউনিটের খোন্দকার রফিকুল ইসলাম, পিবিআইয়ের মো. মোস্তফা কামাল, শিল্পাঞ্চল পুলিশের মো. ছিবগাত উল্লাহসহ আরও কয়েকজন।

পদোন্নতি পাওয়া সবাইকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানপত্র জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।আদেশটি জনস্বার্থে জারি করা হয়েছে এবং তা যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় পুলিশ মহাপরিদর্শক আইজি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:01

URL: https://www.timestodaybd.com/bangladesh/7758072678